বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা
বার্ড এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২
৩য় কোয়ার্টার ... এর প্রমাণক ক্রমিক নং ২.৯

# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি

কোটবাড়ি, কুমিল্লা

**নৈতিকতা কমিটির ৩য় সভার বিজ্ঞপ্তি**

তারিখঃ ২৭/০৩/২০২২

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী অর্থবছরের তৃতীয় প্রান্তিকে (জানুয়ারি-মার্চ ২০২২) নৈতিকতা কমিটির একটি সভা করার বাধ্যবাধকতা রয়েছে। এমতাবস্থায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির দ্বিতীয় সভা আগামী ২৯/০৩/২০২২ খ্রিস্টাব্দ (মঙ্গলবার) বিকাল ০৪:০০ টায় মহাপরিচালক, বার্ড মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে নিম্নোল্লিখিত আলোচ্যসূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

১। বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনা;
২। একাডেমির শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর তৃতীয় কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনা;
৩। বিবিধ।

উক্ত সভায় নৈতিকতা কমিটির সকল সদস্যদের উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭/০৩/২০২২

(আবদুল্লাহ আল হুসাইন)
যুগ্ম-পরিচালক (গবেষণা বিভাগ)
এবং
সদস্য সচিব, নৈতিকতা কমিটি ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট

বিতরণ:

৫. কমিটির সকল সদস্য, বার্ড।
৬. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী- অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. অফিস কপি।

# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী ২০২১-২০২২

তারিখ: ২৯ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ
সময়: বিকাল ০৪:৩০ টা
স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

**সভাপতি: জনাব মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড।**

**উপস্থিত সদস্যবৃন্দ:**

১। মোঃ সফিকুল ইসলাম, অতিরিক্ত মহাপরিচালক, বার্ড;
২। জনাব রঞ্জন কুমার গুহ, পরিচালক (পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন), বার্ড;
৩। জনাব আবদুল্লাহ আল হুসাইন, যুগ্ম-পরিচালক (পল্লী ব্যবসা ব্যবস্থাপনা), বার্ড;
৪। জনাব আবু তালেব, যুগ্ম-পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড;
৫। জনাব ফারুক হোসেন, সহকারী পরিচালক (ক্রীড়া), বার্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী একাডেমির নৈতিকতা কমিটির দ্বিতীয় সভা অদ্য ২৯/০৩/২০২২ খ্রিস্টাব্দ বিকাল ০৪:৩০ টায় মহাপরিচালক, বার্ড মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। মহাপরিচালক, বার্ড এবং নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত ০৮/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী পঠন শেষে কমিটির সকল সদস্যদের সম্মতিতে তা অনুমোদন করেন। একই সাথে মহাপরিচালক মহোদয় পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। এ পর্যায়ে কমিটির সদস্য-সচিব জনাব আবদুল্লাহ আল হুসাইন ২০২১-২০২২ এর কর্মপরিকল্পনার প্রযোজ্য কার্যক্রম অনুযায়ী আলোচনার বিষয়সমূহ উপস্থাপন করেন। বিশদ আলোচনা এবং সম্মানিত সদস্যদের মতামতের প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

### (১) বার্ডের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নির্ধারিত কার্যক্রমের উপর আলোচনাঃ

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ১.৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | দ্বিতীয় কোয়ার্টারের অংশীজনের সভা গত ৩০ ডিসেম্বর ২০২১ সময়ে একাডেমির কর্মকর্তা-কর্মচারী, প্রকল্পের সুফলভোগী, চলমান প্রশিক্ষণ কোর্সসমূহের প্রশিক্ষণার্থী, গণমাধ্যমকর্মী এবং সিভিল সোসাইটির প্রতিনিধি ছাড়াও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং পানি উন্নয়ন বোর্ডের উর্ধতন কর্মকর্তাদের নিয়ে অনুষ্ঠিত হয়। ভবিষ্যতেও অংশীজনের সভায় এরকম মিশ্র অংশীজনদের নিয়ে আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | নৈতিকতা কমিটি |
| ১.৫ (গ) টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ সংক্রান্ত: অকেজো মালামালের নিলাম আয়োজন | গত ডিসেম্বর ২০২১ সময়ের মধ্যে হোস্টেল ও ক্যাফেটেরিয়া শাখার কিছু অকেজো মালামালের নিলাম আয়োজন করতে পারার জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয়। তাছাড়া আরও অকেজো মালামাল থাকলে আগামী জুন ২০২২ মাসের মধ্যে নিলাম আয়োজন করে তা বিক্রির ব্যবস্থা করতে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন), নিলাম কমিটির সভাপতি এবং স্টোর শাখা |

**(২) বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২) এর ৩ নং ক্রমিকের "শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম" সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ**

মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ অনুযায়ী দপ্তর/সংস্থা স্ব স্ব সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমসমূহের মধ্য হতে অন্য যেকোন উপযুক্ত অন্যূন ৫টি কার্যত্রম গ্রহণ করতে পারে। উল্লেখ্য, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাথে কয়েক দফা আলোচনা শেষে বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উল্লিখিত কার্যক্রম মার্চ ২০২২ মাসের শেষ সপ্তাহে চূড়ান্ত হয়। ফলে এ অর্থ বছরের ৩য় কোয়ার্টারে উল্লিখিত কার্যক্রম সমূহে তেমন কোনো উল্লেখযোগ্য অর্জন দেখানো সম্ভব হয়নি। এমতাবস্থায় সভায় ৩.১-৩.৫ ক্রমিকের কার্যক্রম সমূহ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আবদুল্লাহ আল হুসাইন)
যুগ্ম-পরিচালক (গবেষণা) এবং সদস্য-
সচিব, নৈতিকতা কমিটি

(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বার্ড এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

**বিতরণ**

১. পরিচালক (সকল), বার্ড;
২. কমিটির সকল সদস্য, বার্ড;
৩. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ;
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী—মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৬. অফিস কপি।